সমকাল

তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ভবন জরাজীর্ণ, মাঠে লেখাপড়া

■ এম আহসানুল ছগির, *জিয়ানগর (পিরোজপুর)*

উপজেলার বালিপাড়া ইউনিয়নের উত্তর চণ্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন জরাজীর্ণ হওয়ায় খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পাঠদান চলছে। এতে শিক্ষক-শিক্ষার্থীরা পড়েছেন চরম বিপাকে। দেড় বছর আগে বিদ্যালয়টি পরিত্যক্ত ঘোষণার পরও রোদ-বৃষ্টির মধ্যে বাধ্য হয়ে ঝুঁকি নিয়ে শিক্ষকরা পাঠদান করছেন। দুই মাস আগে বিদ্যালয়টি একেবারে জরাজীর্ণ ও ভগ্নদশায় পরিণত হওয়ায় চেয়ার, টেবিল ও বেঞ্চ বিদ্যালয় মাঠে নামিয়ে ক্লাস করানো হচ্ছে। তবে বৃষ্টি এলে শিক্ষার্থীরা দৌড়ে বারান্দায় আশ্রয় নেয়। এভাবে দায়সারা চলছে ক্লাস, ব্যাহত হচ্ছে পাঠদান। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবু তালেব জানান, ১৯৯৫ সালে বিদ্যালয়টি নির্মাণ হলেও ২০ বছরের মধ্যে ভবনটি একেবার জরাজীর্ণ হয়ে পড়েছে। বিদ্যালয়টির প্রতিটি কক্ষ ও বারান্দার বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে। খসে পড়েছে পলেস্তারা। ক্লাস চলাকালীন ওপরের পলেস্তারা খসে পড়ে ছাত্র-ছাত্রীদের আহত হওয়ার ঘটনাও ঘটেছে একাধিকবার। এ ছাড়া বর্ষা মৌসুমে ভবনটির পুরো ছাদ চুইয়ে পানি পড়ায় বিদ্যালয়ের চেয়ার-টেবিল, আসবাবপত্র ও বই-খাতা ভিজে নষ্ট হচ্ছে প্রতিনিয়ত। উপজেলা প্রকৌশলী মীর শাকির আলী জানান, জরাজীর্ণ প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলোর তালিকা শিক্ষা অধিদপ্তরে পাঠানো হয়েছে।



পিরোজপুরের জিয়ানগর উপজেলার উত্তর চণ্ডীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে ক্লাস নিচ্ছেন শিক্ষক ›› সমকাল